প্রত্যাহার বিজ্ঞপ্তি (অপ্ট আউট নোটিস/ OPT OUT NOTICE)

ফেডারেল কোর্ট অস্ট্রেলিয়া

আশ্রয় প্রার্থনাকারী মানুষের বেআইনী আটকাবস্থার বিরুদ্ধে শ্রেণিবদ্ধ মামলা/ নালিশ" (ক্লাস অ্যাকশন / class action)

ডিবিই১৭ (DBE17) (মামলা অভিবাবক মেরী থেরেসা আর্থার কর্তৃক) বনাম কমনওয়েলথ অস্ট্রেলিয়া

(২০১৯ এর ভিআইডি ১৩৯২ / VID1392 of 2019)

দৃষ্টি আকর্ষণ করছি:

আপনাকে এই বিজ্ঞপ্তি সযত্নে পড়িবার জন্য বলা হইতেছে।

আপনার ও অন্যান্যদের বিরুদ্ধে অস্ট্রেলিয়ায় অভিবাসন অন্তরীণে থাকার জন্য মামলা দায়ের করা হইয়াছে, যদি আপনি ২৭শে **আগষ্ট ২০১১ এবং ২৫শে ফেব্রুয়ারী ২০২০** এর মধ্যে যে কোন ২ দিন অস্ট্রেলিয়ায় অন্তরীণ থাকেন।

আদালত আদেশ দিয়াছে আপনাকে আমরা এই বিজ্ঞপ্তি প্রেরন করি, কারন আপনাকে সিদ্ধান্ত নিতে হইবে আপনি এই মামলায় জড়িত থাকিতে চাহেন কিনা।

যদি এই বিজ্ঞপ্তির ব্যাপারে আপনার প্রশ্ন থাকে তবে এই আদালতের সহিত যোগাযোগ না করিয়া আইনী সহায়তা নিন।

যদি আপনি ইংরেজী পড়িতে অক্ষম, তবে এই বিজ্ঞপ্তি অন্যান্য ভাষায় নিম্নলিখিত ওয়েব সাইটে লিপিবদ্ধ আছে: https://www.mauriceblackburn.com.au/class-actions/current-class-actions/unlawful-detention-of-people-seeking-asylum-class-action/। আপনি আপনার ভাষায় অনুবাদিত এই বিজ্ঞপ্তির কপির জন্য মরিস ব্ল্যাকবার্ন লইয়ার্স (Maurice Blackburn Lawyers) এর কাছে ১৮০০ ৯৩০ ৯৫৬ (1800 930 956) নম্বরে বা ইমেল asylumseekerclassaction@mauriceblackburn.com.au এ যোগাযোগ করিতে পারেন।

১. কেন আমি এই বিজ্ঞপ্তি পাইয়াছি? (1. Why am I getting this?)

এই বিজ্ঞপ্তি **"ডিবিই১৭" (DBE17)** নামক এক ব্যক্তি কর্তৃক শুরুকৃত এক মামলা বিষয়ক সম্পর্কিত। আইনী কারনে আমরা তাহার প্রকৃত নাম ব্যাবহার সম্ভব নয়। তাহার বয়স ১৮র নীচে, সেহেতু তাহার পক্ষে মামলা অভিবাবক মেরী থেরেসা আর্থার কর্তৃক এই মামলা দায়ের করা হয়েছে।

এই মামলা ফেডারেল কোর্ট অব অষ্ট্রেলিয়া তে; এটা কমনওয়েলথ অব অষ্ট্রেলিয়া (Commonwealth of Australia) (অষ্ট্রেলিয়ান সরকার / **the "Australian Government"**) র বিরুদ্ধে দায়েরকৃত।

ডিবিই১৭ (DB17) দাবী করেন যে তিনি ও অন্যান্য ব্যাক্তি (**"দলীয় লোক"**) যারা ২৭শে আগষ্ট ২০১১ এবং ২৫শে ফেব্রুয়ারী ২০২০ এর মধ্যে অষ্ট্রেলিয়া সরকার কৃতক বেআইনী ভাবে অভিবাসন আটকাবস্থায় ছিল। আপনি এই বিজ্ঞপ্তি পেয়েছেন কারন আপনি ২৭শে আগষ্ট ২০১১ এবং ২৫শে ফেব্রুয়ারী ২০২০ এর মধ্যে অভিবাসন আটকাবস্থায় ছিলেন। এ কারনে আপনি একজন দলীয় লোক হতে পারেন।

২. অষ্ট্রেলিয়ার আইনী ব্যাবস্থা (2. The Australian Legal System)

অষ্ট্রেলিয়ার আইনী ব্যাবস্থা এক ব্যাক্তিকে (যাকে **"আবেদনকারী"** বলা হয়") অন্য এক ব্যাক্তি, বা প্রতিষ্ঠান, বা সরকার (যাকে **"জবাবদানকারী / প্রতিবাদী"** বলা হয়) এর বিরুদ্ধে আর্থিক ক্ষতিপূরণ বিষয়ক মামলা দায়েরের অধিকার দেয়, যদি আবেদনকারী বিশ্ব্যাস করে তিনি **প্রতিবাদীর**/ জবাবদানকারীর কারনে আহত বা আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন, এবং যদি **প্রতিবাদীর**/জবাবদানকারীর বিরুদ্ধে আবেদনকারীর দাবীর যথার্ততার ভিত্তি থাকে।

অষ্ট্রেলিয়ার সকল আদালত, সংসদ বা সাংসদ হতে স্বাধীন। আদালতের কর্মপরিচালনার জন্য এর নির্দিষ্ট বিধান আছে। এর মধ্যে আছে, আইনানুসারে আদালতের মামলায় সিদ্ধান্তের জন্য, প্রমান প্রস্তুতের ও প্রমানে, আইনানুসারে আইনী পদ্ধতি প্রয়োগের বিধি।

৩.শ্রেণিবদ্ধ মামলা (ক্লাস অ্যাকশন / class action) কি ? (3. What is Class Action?)

আদালতের এই মামলা হোল ক্ল্যাশ একশন/ শ্রেণিবদ্ধ মামলা। ক্ল্যাশ একশন এক ব্যাক্তি (অর্থাৎ আবেদনকারী) কর্তৃক এক দলের পক্ষে অন্য ব্যাক্তি বা প্রতিষ্ঠান (অর্থাৎ প্রতিবাদী / জবাবদানকারী) এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা।

ক্ল্যাশ একশন মামলায় আবেদনকারী ও তার দলের লোকদের জবাবদানকারীর বিরুদ্ধে একই দাবী বা অভিযোগ থাকে।

৪. ক্ল্যাশ একশন সম্পর্কিত বিষয় কি? (4. What is this Class Action about?)

এই ক্ল্যাশ একশন মামলায় ডিবিই ১৭ (DBE17) দাবী করেন যে, অস্ট্রেলিয়া সরকারের বেআইনী ও অবৈধ অস্ট্রেলীয় নাগরিকের অভিবাসন অন্তরীন শুধুমাত্র তখন বৈধ যদি:

১) অন্তরীন সব সময় নিম্নলিখিত উদ্দ্যেশে প্রয়োগ হয়:

ক) অস্ট্রেলীয়া হতে অপসারন, যার মধ্যে আছে আঞ্চলিক প্রক্রিয়াকরন দেশে প্রেরন (এক্ষেত্রে, নাউরু বা পাপুয়া নিউ গিনি);

খ) অবৈধ অ-নাগরিকদের অস্ট্রেলীয়ায় প্রবেশ ও অবস্থানের ভিসার অনুমতি প্রদানের আবেদন গ্রহন, তদন্ত ও আবেদনের উপর সিদ্ধান্তে আসা ; বা

গ) বৈধ আবেদনে ভিসা প্রদানের উপর সিদ্ধান্ত গ্রহন।

২) অভিবাসন অন্তরীনের বিশেষ উদ্দেশ্য পালনে সমর্থ।

৩) অভিবাসন অন্তরীনের বিশেষ উদ্দেশ্য পূর্ণে সদাই সচেষ্ট থাকা এবং যৌক্তিক সময়ের মধ্যে যত দ্রুত সম্ভব বাস্তবায়ন করা।

ডিবিই ১৭ (DBE17) দাবী করেন যে, অষ্ট্রেলিয়া সরকার অবৈধ ভাবে তাকে ও তার দলের লোকজনকে নিম্নলিখিত যে দুইটির কোন একটি বা দুইটি কারনে অন্তরীন করেছে।

ক) ডিবিই ১৭ (DBE17) এবং ঐ দলের লোকজন যারা ১২ আগষ্ট ২০১২ এর পর অষ্ট্রেলীয়ায় আগমন করে এবং যাদেরকে নাউরু বা পাপুয়া নিউ গিনি স্থানান্তর করার কথা ছিল, কিন্তু তাদেরকে অবৈধ ভাবে অন্তরীন করা হয়, যার উভয় কারন:

১. ঐ লোকজনকে ঐ সব এলাকায় স্থানান্তর যুক্তিযুক্ত ভাবে সম্ভব ছিলনা বা বাস্তবায়ন করার মত সামর্থ্য ছিলনা; বা

২. ঐ লোকজনকে ঐ সব এলাকায় স্থানান্তর করা হয় কিন্তু যৌক্তিক সময়ের মধ্যে যত দ্রুত সম্ভব বাস্তবায়ন করা হয় নাই।

খ) অষ্ট্রেলিয়া সরকার ডিবিই ১৭ (DBE17) এবং ঐ দলের লোকজনকে অষ্ট্রেলিয়ায় অবস্থানের ভিসা প্রদানের সিদ্ধান্তের উপর অত্যাধিক বিলম্ব করে।

৫. আপনি কি একজন দলীয় সদস্য? (5. Are you a group member?)

আপনি একজন দলীয় সদস্য যদি আপনি/আপনাকে:

ক) অষ্ট্রেলিয়ার কোন এক বা একাধিক অংশে ২৭শে আগষ্ট ২০১১ এবং ২৫শে ফেব্রুয়ারী ২০২০ র মধ্যে দুই দিনের বেশী অভিবাসন অন্তরীনে রাখা হয়।

খ) অন্তরীনে রাখা হয় নাই কারন আপনার অষ্ট্রেলিয়ার ভিসা বাতিল করা হয়েছিল।

গ) অষ্ট্রেলিয়ায় আসার পর কোন সময় স্বেচ্ছায় স্বদেশ বা অষ্ট্রেলিয়ায় আসার পূর্বে অবস্থান করেছিলেন এমন কোন দেশে প্রত্যাবর্তন করেন নাই;

ঘ) ২৭শে আগষ্ট ২০১১ র পর অষ্ট্রেলিয়া হতে স্বদেশে বা অষ্ট্রেলিয়া আসার পূর্বে অবস্থান করেছিলেন এমন কোন দেশে স্থানান্তরিত হন নাই এবং অষ্ট্রেলিয়ায় প্রত্যাবর্তন করেন নাই;

ঙ) অন্তরীনে রাখা হয় নাই কারন আপনার ভিসার সময় অতিক্রান্ত হয় নাই এবং আপনি বৈধ ভিসা ছাড়া অষ্ট্রেলিয়ায় অবস্থান করেন নিরাপত্তা ভিসা না পাওয়া পর্যন্ত;

চ) কোন সময় অষ্ট্রেলিয়ান সেকুরিটি ইন্টেলিজেন্স অর্গানাইজেশন এক্ট ১৯৭৯ সিটিএইচ (Australian Security Intelligence Organisation Act 1979 (Cth) অধীনে প্রতিকূল নিরাপত্তা মূল্যায়ন প্রাপ্ত হন নাই।

আপনি যদি এক জন দলীয় সদস্য হন বা না হন, এ ব্যাপারে অনিশ্চিত হইলে, আপনি মরিস ব্ল্যাকবার্ন লইয়ার্স (Maurice Blackburn Lawyers) এর কাছে ১৮০০ ৯৩০ ৯৫৬ (1800 930 956) নম্বরে বা ইমেল asylumseekerclassaction@mauriceblackburn.com.au এ যোগাযোগ করিতে পারেন, অথবা অতি সত্বর নিজের আইনী সহায়তা পাইতে চেষ্টা করুন।

৬. আমি একজন দলীয় সদস্য এবং ক্ল্যাশ একশনে থাকিতে উৎসুক – আমাকে কি করতে হবে? (6. I am a group member and I want to stay in the class action – what do I need to do?)

যদি আপনি ক্ল্যাশ একশনে থাকিতে ইচ্ছুক, তবে আপনাকে এই মুহূর্তে কিছু করবার প্রয়োজন নাই।

তবে আপনি আপনার যোগাযোগ সম্পর্কিত তথ্য মরিস ব্ল্যাকবার্ন লইয়ার্স (Maurice Blackburn Lawyers) **র ওয়েব সাইট** https://www.mauriceblackburn.com.au/class-actions/current-class-actions/unlawful-detention-of-people-eeking-asylum-class-action **এ লিপিবদ্ধ করুন। এই ভাবে ক্ল্যাশ একশন সম্পর্কিত বিজ্ঞপ্তি আপনার পছন্দনীয় ঠিকানা, ইমেল বা মোবাইল নম্বরে পাঠান সম্ভব হবে।**

ক্ল্যাশ একশনে থাকতে এখন আপনাকে অর্থ প্রদান করতে হবেনা: এ সম্পর্কিত অধিক তথ্যাদির জন্য নিম্নে দেখুন *“৮. যদি ক্ল্যাশ একশনে থাকতে চাই তবে আমাকে অর্থ প্রদান করতে হবে কি?”*

ক্ল্যাশ একশনে থাকার জন্য আমার কোন ভিসার উপর প্রতিক্রিয়া হবেনা। যদি আপনার ভিসার ব্যাপারে কোন প্রশ্ন থাকে তবে কোন অভিবাসন এজেন্টের সাথে যোগাযোগ করেন।

আপনি যদি ক্ল্যাশ একশনে থাকেন, তবে ক্ল্যাশ একশনের ফলাফল দ্বারা বাধ্য থাকিবেন। এর অর্থ ফলাফল মেনে নিতে হবে এবং জয় বা পরাজয় বা নিষ্পত্তি যাহাই হোক আপনার জন্য প্রযোজ্য হবে।

ক) যদি ক্ল্যাশ একশন সফল হয়, তবে আপনি রায় পুরষ্কার বা নিষ্পত্তি মূল্যমানের কোন এক অংশ আপনি পাবেন। অর্থাৎ আপনি অর্থ পাবেন।

খ) যদি ক্ল্যাশ একশন ব্যার্থ হয় বা আশানুরুপ সফল না হয়, তবে আপনি অর্থ না পেতে পারেন বা যৎসামান্য অর্থ পেতে পারেন। যাই হোক আপনাকে কোন অর্থ প্রদান করতে হবেনা।

ক্ল্যাশ একশন সফল হোক বা না হোক, আপনি যদি এতে থাকেন, তবে একই অবৈধ অন্তরীনের জন্য অষ্ট্রেলিয়া সরকারের বিরুদ্ধে নিজস্ব মামলা দায়ের করতে পারবেনা, যা পূর্বে বর্নীত “৩.ক্ল্যাশ একশন কি? **(3. What is Class Action?)”** এ ব্যাখ্যা করা হয়েছে।

৭. আমি একজন দলীয় সদস্য এবং আমি ক্ল্যাশ একশনে থাকিতে চাইনা – আমাকে কি করতে হবে?

(7. I am a group member and but I don’t want to stay in the class action – what do I need to do?)

যদি আপনি ক্ল্যাশ একশনে থাকিতে না চান, তবে ফেডেরাল কোর্ট অষ্ট্রেলিয়াকে জানাতে হবে। এটাকে “প্রত্যাহার” বলা হয়:

যদি আপনি প্রত্যাহার করেন:

ক) তবে ক্ল্যাশ একশনের ফলাফল যাই হোক, আপনি কোন অর্থ পাবেন না;

খ) ক্ল্যাশ একশনের ফলাফলের প্রতি আপনার বাধ্য-বাধকতা থাকবেনা। আপনি যদি চান, তবে একই অবৈধ অন্তরীনের অভিযোগের জন্য অষ্ট্রেলিয়া সরকারের বিরুদ্ধে নিজস্ব মামলা দায়ের করতে পারবেন, শর্ত থাকে যে আপনাকে নির্দিষ্ট আইনী সময় সীমার মধ্যে মামলা শুরু করতে হবে।

আপনি যদি অষ্ট্রেলিয়া সরকারের বিরুদ্ধে নিজস্ব মামলা দায়ের করতে চান, তবে প্রত্যাহারের **আগে** একজন আইনজীবির কাছ থেকে **আপনার** মামলা ও উপযুক্ত সময় সীমার ব্যাপারে উপদেশ গ্রহন করুন।

যদি আপনি প্রত্যাহার করতে চান, তবে এই বিজ্ঞপ্তির শেষে প্রদত্ত প্রত্যাহারের ফর্ম পূরন করে ফর্মটি নিম্নে প্রদত্ত ঠিকানায় পোস্ট বা ইমেল করুন:

The Registrar
Federal Court of Australia
Victorian District Registry
305 William Street
Melbourne VIC 3000
or
vicreg@fedcourt.gov.au

জরুরী (IMPORTANT):

প্রত্যাহারের ফর্ম রেজিষ্ট্রারের কাছে ৪ঠা ডিসেম্বর ২০২০ এর আগে পৌঁছইতে হবে। না হলে আপনার প্রত্যাহার গন্য করা হবেনা এবং আপনি এই ক্ল্যাশ একশন মামলা আবেদনকারী দলের সদস্য গন্য হতে থাকবেন।
মামলা আবেদনকারী দলের প্রত্যেক সদস্য যিনি প্রত্যাহার করতে চান, তাদের প্রত্যেককে আলাদা প্রত্যাহারের ফর্ম পূরন করতে হবে।

৮. আমাকে কি কোন টাকা দিতে হবে, যদি আমি ক্ল্যাশ একশন মামলায় থাকি? (8. Will I have to pay any money if I stay in the class action?)

আপনাকে ক্ল্যাশ একশন মামলায় থাকতে এখন কোন অর্থ প্রদান করতে হবে না।

মরিস ব্ল্যাকবার্ন লইয়ার্স (Maurice Blackburn Lawyers) 'শর্তসাপেক্ষে বিনা পারিশ্রমিক আইনি সহায়তা

অর্থনৈতিকভাবে অসামর্থ্যগণকে প্রদান' ('conditional pro bono') এর উপর ভিত্তি করে ক্ল্যাশ একশন মামলা পরিচালনা করছে। এর অর্থ শুধু মাত্র ক্ল্যাশ একশন মামলা সফল হলে তারা পারিশ্রমিক পাবে।

যদি ক্ল্যাশ একশন মামলা সফল হয়, তবে মরিস ব্ল্যাকবার্ন লইয়ার্স পারিশ্রমিক হিসাবে যে টাকা পাবে তা অস্ট্রেলিয়া সরকার বা অন্য কোন পার্টি হতে যে টাকা আদায় করতে পারবে তার বেশী হবেনা।

মামলা পরিসমাপ্তির পর আপনাকে কিছু টাকা দিতে হতে পারে যদি আপনার নিজস্ব দাবি চূড়ান্ত করতে আপনার কোন আইনী সহায়তার প্রয়োজন হয়। আপনি মরিস ব্ল্যাকবার্ন লইয়ার্স বা অন্য আইনজীবিকে এ কাজ করতে নিয়োজিত করতে পারেন। মরিস ব্ল্যাকবার্ন লইয়ার্স, ক্ল্যাশ একশন মামলা কি শর্তে পরিচালনা করছে, তার কপি তাদের সাথে যোগাযোগ করে সংগ্রহ করতে পারেন।

৯. আপনি কোথা থেকে প্রয়োজনীয় দলিল পত্র সংগ্রহ করতে পারবেন? (9. Where can you obtain copies of relevant documents?)

প্রাসঙ্গিক দলিল পত্রের কপি, - যার মধ্যে আছে দাবী নামা ও বিবাদীর আত্মপক্ষ সমর্থন / প্রতিরোধ বিষয়ক, সংগ্রহ করা যেতে পারে এভাবে:

ক) https://www.mauriceblackburn.com.au/class-actions/current-class-actions/unlawful-detention-of-people-seeking-asylum-class-action/ হতে ডাউনলোড করে;

খ) মরিস ব্ল্যাকবার্ন লইয়ার্সের অফিস হতে সকাল ৯টা হতে বিকেল ৫টার মধ্যে উপস্থিত হয়ে; যোগাযোগের তথ্য www.mauriceblackburn.com.au সাইটে আছে বা ১৮০০ ৯৩০ ৯৫৬ (1800 930 956) নম্বরে ফোন করে;

গ) ফেডারেল কোর্টের ডিসট্রিক্ট রেজেষ্ট্রীর (District Registry of the Federal Court) সাথে যোগাযোগ করে (যোগাযোগের তথ্য www.fedcourt.gov.au এ পাওয়া যাবে) ও উপযুক্ত পরিদর্শন খরচ প্রদান করে; অথবা

ঘ) ফেডারেল কোর্টের https://www.fedcourt.gov.au/law-and-practice/class-actions/class-actions. ওয়েব সাইট পরিদর্শন করে।

অনুগ্রহ করে উপরোক্ত বিষয়গুলি সতর্কতার সাথে বিবেচনা করুন। যদি কোন বিষয়ে নিশ্চিত না হতে পারেন, তবে মরিস ব্ল্যাকবার্ন লইয়ার্সের সাথে ১৮০০ ৯৩০ ৯৫৬ (1800 930 956) নম্বরে বা asylumseekerclassaction@mauriceblackburn.com.au এই ইমেলে যোগাযোগ করুন, বা নিজস্ব আইনী সহায়তা গ্রহন করুন। আপনার সিদ্ধান্ত গ্রহনে আপনি বিলম্ব করিবেন না।

Bangla (Bengali) - বাংলা

Form 21
Rule 9.34

OPT OUT NOTICE

No. VID1392 of 2019

সংযুক্তি খ (ANNEXURE B)

এই ফরম ব্যবহার করুন যদি আপনি ক্লাশ একশন মামলায় থাকিতে না চান

ফরম ২১

বিধি ৯.৩৪

প্রত্যাহার বিজ্ঞপ্তি

নং. ২০১৯ এর ভিআইডি১৩৯২ ২০১৯

ফেডারেল কোর্ট অব অষ্ট্রেলিয়া
ডিস্ট্রিক রেজিস্ট্রিঃ ভিক্টোরিয়া (Victoria)
ডিভিশনঃ জেনারেল

ডিবিঈ১৭ (মামলা অভিবাবক মেরী থেরেসা আর্থার কর্তৃক) DBE17 (by his Litigation Guardian Marie Theresa Arthur)

আবেদনকারী

(The Commonwealth of Australia) দি কমনওয়েলথ অব অষ্ট্রেলিয়া

জবাবদানকারী / প্রতিবাদী

To: The Registrar
Federal Court of Australia
VIC District Registry
Owen Dixon Commonwealth Law Courts Building
305 William Street
Melbourne VIC 3000

[আপনার পূর্ণ নাম], একজন ক্লাশ সদস্য এই ক্লাশ একশন মামলায়, *ফেডারেল কোর্ট অষ্ট্রেলিয়া আইন ১৯৭৬* এর ৩৩১ ধারার অধীনে নোটিস প্রদান করে যে *[আপনার পূর্ণ নাম]* ক্লাশ একশন মামলা হতে নিজেকে প্রত্যাহার করিতেছে।

তারিখ: [যেমন ১৯ জুন ২০…]

আপনার সই:

আপনার পূর্ন নাম:

জন্ম তারিখ:

ইমেল ঠিকানা:

ফোন নং:

একটিতে বৃত্ত দিন: দলীয় সদস্য বা দলীয় সদস্যের আইনী অভিবাবক বা দলীয় সদস্য নয়